গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ঘাটাইল, টাঙ্গাইল
**www.ghatail.tangail.gov.bd**

স্মারক নং-০৫.৩০.৯৩২৮.০০০.০৫.০০২.২৪- ৬৯০

তারিখ ঃ ২৬ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
০৮ এপ্রিল ২০২৫ খ্রিষ্টাব্দ

জলমহালের ইজারা বন্দোবস্ত বিজ্ঞপ্তি
(বিজ্ঞপ্তি নং- ০২/১৪৩২ বঙ্গাব্দ)

এতদ্বারা সর্বসাধারনকে অবগত করা যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয় সায়রাত-১ শাখার ২৫ মার্চ ২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০৬.২৫.২৪৩ নম্বর স্মারক মোতাবেক প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতির নিকট হতে ঘাটাইল উপজেলার নিয়ন্ত্রণাধীন ২০ (বিশ) একরের নিম্ন আয়তন বিশিষ্ট নিম্নবর্ণিত সরকারি জলমহালসমূহ সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ মোতাবেক আগামী ১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতির নিকট থেকে বর্ণিত সিডিউল অনুযায়ী অফলাইনে (ম্যানুয়াল পদ্ধতিতে) দরপত্র/আবেদন আহ্বান করা যাচ্ছে।

অফলাইনে (ম্যানুয়াল পদ্ধতিতে) দরপত্র/আবেদন দাখিলের তারিখঃ-

| ক্রঃ নং | গৃহীত কার্যক্রম | তারিখ |
|---|---|---|
| ০১ | ইজারার জন্য আবেদন/দরপত্র বিক্রয়ের তারিখ ( অফিস চলাকালীন সময় পর্যন্ত) | ২৫ চৈত্র হতে ৩০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দের মধ্যে ০৮ এপ্রিল ২০২৫ হতে ১৩ এপ্রিল ২০২৫ এর মধ্যে |
| ০২ | অফলাইনে দাখিলকৃত আবেদনের মূলকপি ও জামানতের কপি (সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এর পরিশিষ্ট- ক এর আবেদন ফরমটি পূরণপূর্বক ৫০০/- (পাঁচশত) টাকার (অফেরতযোগ্য) ১-৪৬৩১-০০০০-১২৬১ কোডে চালানের মাধ্যমে জমাপূর্বক চালানের মূল কপি সংযুক্ত করে সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি) ঘাটাইল, টাঙ্গাইল এর কার্যালয়ে দাখিল করতে হবে। ( অফিস চলাকালীন সময় পর্যন্ত) | ০২ বৈশাখ হতে ০৩ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দের মধ্যে ১৫ এপ্রিল ২০২৫ হতে ১৬ এপ্রিল ২০২৫ এর মধ্যে |
| ০৩ | অফলাইনে দাখিলকৃত আবেদনসমূহ যাচাই-বাছাইকরণ | ০৪ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ ১৭ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ |
| ০৪ | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারার আদেশ প্রদান ও ইজারা গ্রহিতাকে অবহিতকরণ | ০৮ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ ২১ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ |
| ০৫ | ইজারা গ্রহিতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্য ইজারামূল্য ও অন্যান্য সরকারী কর সমূহ জমা প্রদান ও ইজারা গ্রহিতার সাথে চুক্তি সম্পাদন। | ১১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দের মধ্যে ২৪ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দের মধ্যে |
| ০৬ | ইজারা গ্রহিতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া | ১৪ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দের মধ্যে ২৭ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দের মধ্যে |

**জলমহালের তালিকা ঃ**

| ক্রঃ নং | উপজেলার নাম | ইউনিয়নের নাম | ইজারাযোগ্য জলমহালের নাম | জলমহালের আয়তন (একরে) | বিগত তিন বছরের গড় ইজারা মূল্য | বার্ষিক সরকারী ইজারা মূল্য | ইজারা মেয়াদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘাটাইল | দেউলাবাড়ী | ঝুনকাইল খাস পুকুর | ০.৩৩ | - | ৪,০০০/- | ১৪৩২-১৪৩৪ | জলাশয়/ পুকুরের তালিকায় ভুলত্রুটি পরিলক্ষিত হলে উহা পরিবর্তন ও সংশোধন যোগ্য |
| ২ | ঘাটাইল | দেউলাবাড়ী | বানীবাড়ী সাহেব খা খাস পুকুর | ০.২৭ | - | ৪,০০০/- | ১৪৩২-১৪৩৪ | |
| ৩ | ঘাটাইল | ঘাটাইল সদর | শাহপুর খাস পুকুর | ০.৭৯ | - | ৫,০০০/- | ১৪৩২-১৪৩৪ | |
| ৪ | ঘাটাইল | দিঘলকান্দি | জোতনছর খাস পুকুর | ০.২০ | - | ২,০০০/- | ১৪৩২-১৪৩৪ | |
| ৫ | ঘাটাইল | দিঘলকান্দি | বীরচারী খাস পুকুর | ০.৭৫ | - | ৫,০০০/- | ১৪৩২-১৪৩৪ | |
| ৬ | ঘাটাইল | আনেহলা | হাটকয়রা খাস পুকুর-১ | ০.৪৯ | - | ৩,০১৭/- | ১৪৩২-১৪৩৪ | |
| ৭ | ঘাটাইল | আনেহলা | হাটকয়রা খাস পুকুর-২ | ০.৬৬ | - | ৩,০০০/- | ১৪৩২-১৪৩৪ | |
| ৮ | ঘাটাইল | আনেহলা | খায়েরপাড়া খাস পুকুর | ০.৩০ | - | ৩,০৫০/- | ১৪৩২-১৪৩৪ | |
| ৯ | ঘাটাইল | দিগড় | ব্রাহ্মণশাসন খাস পুকুর | ০.২৭ | - | ৩,১৬৭/- | ১৪৩২-১৪৩৪ | |
| ১০ | ঘাটাইল | দিগড় | নজুনভাগ খাস পুকুর | ০.৫৬ | ১০,০০০/- | ১০,৫০০/- | ১৪৩২-১৪৩৪ | |
| ১১ | ঘাটাইল | দেওপাড়া | গান্ধি জলকর | ৫.৪০ | ৭,৩৩৪/- | ৭,৭০১ | ১৪৩২-১৪৩৪ | |

আখতার

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১২ | ঘাটাইল | দেওপাড়া | তালতলা-১ খাস পুকুর | ০.৩২ | - | ৪,০০০/- | ১৪৩২-১৪৩৪ | |
| ১৩ | ঘাটাইল | দেওপাড়া | তালতলা-২ খাস পুকুর | ৩.০২ | - | ১০,০০০/- | ১৪৩২-১৪৩৪ | |
| ১৪ | ঘাটাইল | দেওপাড়া | কালিকাপুর খাস পুকুর | ১.৩৫ | ৭,৩৩৪/- | ৭,৭০১/- | ১৪৩২-১৪৩৪ | |
| ১৫ | ঘাটাইল | দেওপাড়া | দেওপাড়া খাস পুকুর | ০.৭২ | ৭,০০০/- | ৭,৩৫০/- | ১৪৩২-১৪৩৪ | |
| ১৬ | ঘাটাইল | সাগরদিঘী | ফুলমালিরচালা-২ খাস পুকুর | ০.৫৮ | - | ২,৯০০/- | ১৪৩২-১৪৩৪ | |
| ১৭ | ঘাটাইল | সাগরদিঘী | মালিরচালা-৩ খাস পুকুর | ০.৫২ | - | ৫,০০০/- | ১৪৩২-১৪৩৪ | |
| ১৮ | ঘাটাইল | সাগরদিঘী | গাংগাইর খাস পুকুর | ০.৭৬ | - | ৩,০০০/- | ১৪৩২-১৪৩৪ | |
| ১৯ | ঘাটাইল | সাগরদিঘী | পাগারিয়া-১ খাস পুকুর | ০.৮০ | ২,১৬৭/- | ২,২৭৬/- | ১৪৩২-১৪৩৪ | |

## শর্ত সমূহ ঃ

১। ১ লা বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ (১৪ এপ্রিল ২০২৫ খ্রি.) হতে ৩০ চৈত্র ১৪৩৪ বঙ্গাব্দ (১৩ এপ্রিল ২০২৮) পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে খাস জলমহালসমূহ ইজারা প্রদান করা হবে।

২। জলমহালের ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তিটি acl.ghatail.tangail.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

৩। নিবন্ধিত প্রার্থীগণ কর্তৃক বিজ্ঞপ্তিতে উল্লেখিত নির্ধারিত সময়ের মধ্যে অফলাইনে (ম্যানুয়াল পদ্ধতিতে) আবেদন সম্পন্ন করতে হবে। দাখিলকৃত আবেদনের কপি জামানতের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে (খামের উপর আবেদনকারীর নাম, ঠিকানা ও জলমহালের নাম উল্লেখ করে) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, ঘাটাইল, টাঙ্গাইল এ দাখিল করতে হবে।

৪। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর পরিশিষ্ট 'ক' এর আবেদন ফরমটি পূরণপূর্বক ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) ১-৪৬৩১-০০০০-১২৬১ নম্বর কোডে জমা প্রদানপূর্বক চালানের মূল কপি সংযুক্ত করতে হবে।

৫। দাখিলকৃত আবেদন প্রার্থিত জলমহালের বিগত ০৩ (তিন) বছরের গড় ইজারা মূল্য অপেক্ষা ৫% বর্ধিত না হলে আবেদন গ্রহণযোগ্য হবে না।

৬। উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রকৃত মৎস্যজীবী হিসেবে প্রত্যয়ন আবেদনের সাথে দাখিল করতে হবে।

৭। জেলা প্রশাসক, টাঙ্গাইল কর্তৃক প্রকৃত মৎস্যজীবী সংগঠন/ সমবায় সমিতির অনুকূলে কোন পাওনা ও মামলা নেই মর্মে প্রত্যয়ন লাগবে।

৮। সমিতির প্রত্যেক সদস্যের ছবিসহ নামের তালিকা, জাতীয় পরিচয়পত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।

৯। দাখিলকৃত আবেদনে প্রার্থীত জলমহালের বার্ষিক সরকারী ইজারা মূল্য অপেক্ষা কম হলে আবেদন পত্র গ্রহণযোগ্য হবে না।

১০। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তার তীরবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতি যা সমবায় অধিদপ্তর/সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত, সে সমিতি বা সমবায় সমিতি সমূহ নিকটবর্তী বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবেন না।

১১। নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সংগঠন/ সমিতি তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন এবং একই সাথে তার অনুলিপি উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল করবেন।

১২। প্রকৃত মৎস্যজীবীদের সংগঠন স্থানীয় পর্যায়ে সমবায় অধিদপ্তরে বা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত হলে স্থানীয় জলমহাল ব্যবস্থাপনা বা ইজারায় অংশ গ্রহণ করতে পারবেন। তবে কোন সমিতিতে এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন; তবে সে সমিতি কোন সরকারী জলমহাল বন্দোবস্ত পাওয়ার যোগ্য হবে না। কোন ব্যক্তি বা কোন অনিবন্ধিত সমিতি সরকারী জলমহাল ব্যবস্থাপনায় আবেদন করতে পারবেন না।

১৩। আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি/ সমবায় সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবেন। আবেদনকারী মৎস্যজীবী /সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরুপ উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সঙ্গে দাখিল করতে হবে এবং সাথে বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠনের /সমিতির জন্য অডিট রিপোর্ট এর প্রয়োজন হবে না।

১৪। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন পাওয়া না যায় তাহলে সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলার মৎস্যজীবী সংগঠন/সমিতি জলমহাল বন্দোবস্ত পাওয়ার জন্য আবেদন করতে পারবে।

১৫। লীজগ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতি/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-লীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি করে থাকে তাহলে উপজেলা নির্বাহী অফিসার উক্ত লীজ বাতিল করবেন এবং জমাকৃত লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত লীজগ্রহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

১৬। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন/সমিতি দুটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না।

১৭। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিজ্ঞপ্তিতে অন্তর্ভূক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্যের ২০% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসেবে আবেদনের সাথে দাখিল করতে হবে। লীজ প্রাপ্ত সমিতির শেষ বছরের লীজমানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। লীজ প্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

১৮। ইজারা মূল্যের উপর সরকারের নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর লীজ মানির সাথে একত্রে প্রদান করতে হবে।

আখতার

১৯। সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এ বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধি বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবে।

২০। জলমহাল ও জলমহালের ইজারা সংক্রান্ত অন্যান্য শর্তাদিসহ যে কোন বিষয় অত্রাফিসে, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, ঘাটাইল, টাঙ্গাইল হতে জানা যাবে।

২১। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে জলমহাল সংক্রান্ত দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ, সম্পূর্ণ দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। ইজারার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৬/০৪/২৫

মোঃ আবু সাঈদ
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ঘাটাইল, টাঙ্গাইল

স্মারক নং-৩১.৩০.৯৩২৮.০০০.০৬.০৪৯.২৪ - ৬১০

তারিখ ঃ ০৬/০৪/২০২৫ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো।

১। জেলা প্রশাসক, টাঙ্গাইল
২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), টাঙ্গাইল
৩। উপজেলা ....................................কর্মকর্তা, ঘাটাইল, টাঙ্গাইল
৪। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, ঘাটাইল, টাঙ্গাইল। (তাঁকে বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৫। চেয়ারম্যান/প্রশাসক.................................. ইউনিয়ন পরিষদ, ঘাটাইল, টাঙ্গাইল (তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ....................................ইউনিয়ন ভূমি অফিস, ঘাটাইল, টাঙ্গাইল।(তাঁকে বিজ্ঞপ্তিটি ঢোল সহরতের মাধ্যমে বা মাইকিং করে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৭। সভাপতি/সম্পাদক...........................................মৎস্যজীবী সংগঠন/সমিতি, ঘাটাইল(তাঁকে নির্ধারিত সময়ের মধ্যে জলমহাল ইজারা বিজ্ঞপ্তি অনুযায়ী দরপত্র দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৮। জনাব.............................................................................................. ।
০৯। নোটিশ বোর্ড, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঘাটাইল/সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, ঘাটাইল, টাঙ্গাইল।
১০। অফিস কপি।

০৬/০৪/২৫

সাবরিন আক্তার
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ঘাটাইল, টাঙ্গাইল।

আখতার